

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

জয়দেবপুর, গাজীপুর

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.১১.০০১.১৭-১৩৪২৩

তারিখঃ ২০-০৬-২০১৯ খ্রি
০৬-০৩-১৪২৬ বং

দপ্তরাদেশ

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের বাছাই কমিটি-২ এর সুপারিশ ও বোর্ডের অনুমোদনক্রমে নিম্নোক্ত প্রার্থীকে তাঁর নিজ জেলা পুলিশের বিশেষ শাখা কর্তৃক কর্তৃক সন্তোষজনক চরিত্র ও প্রাক পরিচয় প্রতিবেদিত হওয়ায় এবং ডোপ টেস্ট ও তাঁর স্বাস্থ্যগতভাবে উক্ত পদের দায়িত্ব পালনে উপযুক্ত বলে সিভিল সার্জন কর্তৃক প্রত্যায়িত হওয়ায় তাঁর নামের পাশে বর্ণিত পদ, কর্মস্থল, মূল বেতন ও বেতনক্রমে নিম্নলিখিত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হলো।

ক্রমিক	নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা ও রোল নম্বর	নিয়োগকৃত পদ ও কর্মস্থল	মূল বেতন ও বেতনক্রম/২০১৫
১।	মোঃ নাজিউর রহমান পিতা- মোঃ সিদ্দিকুর রহমান হোল্ডিং নং-২৯, ওয়ার্ড নং-০৫, হাই স্কুল রোড (ব্যাংক কলোনী), পোঃ- বরগুনা উপজেলা- বরগুনা সদর, জেলা- বরগুনা। জন্ম তারিখঃ ০৭-১১-১৯৮৯, (২৪০০০৭৮)	অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনকৃত পরিসংখ্যান সহকারী কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বারি, গাজীপুর প্রেষণে প্রশাসন শাখা, বারি, জয়দেবপুর, গাজীপুর	৯৩০০/- ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)

১। শর্তাবলীঃ

- (ক) তিনি মূল বেতন ছাড়াও বিধি মোতাবেক প্রচলিত অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।
- (খ) প্রাথমিক অবস্থায় তিনি ১ (এক) বছর শিক্ষানবীশ হিসাবে কর্মরত থাকবেন। তবে প্রয়োজন হলে এই সময় আরও অনূর্ধ্ব ৬ (ছয়) মাসের জন্য বৃদ্ধি করা যাবে। সন্তোষজনকভাবে শিক্ষানবীশকাল উত্তীর্ণের পর মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখে মপবি/পঃবিঃশা/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ মোতাবেক উক্ত পদ রাজস্বখাতে স্থায়ী হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা যেতে পারে।
- (গ) শিক্ষানবীশ থাকাকালে তিনি ১ (এক) মাসের পূর্ব নোটিশ প্রদান করে চাকরি হতে ইস্তফা দিতে পারবেন। নোটিশ প্রদানে ব্যর্থতায় তিনি ইনস্টিটিউটকে ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতি পূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন।
- (ঘ) শিক্ষানবীশ হিসাবে চাকরিকালে কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করে তাঁর চাকরির অবসান ঘটাতে পারবে এবং এরূপ চাকরি অবসানের কারণে তিনি কোন প্রকার ক্ষতি পূরণ পাবেন না।
- (ঙ) চাকরিতে স্থায়ী হওয়ার পর তাঁর অভিপ্রায় উল্লেখ পূর্বক তিন মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে চাকরির ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতায় তিনি ইনস্টিটিউটকে তাঁর তিন মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন। তবে আনুষ্ঠানিকভাবে ইস্তফাপত্র গৃহীত না হওয়া পর্যন্ত তাঁর চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না।
- (চ) অন্যান্য বিষয়ে তাঁর চাকরি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১১, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০১ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত অন্যান্য বিধিমালা অনুযায়ী পরিচালিত হবে।

- ২। উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে তাঁর সাম্প্রতিককালের ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ তাঁর নামের পাশে বর্ণিত কর্মস্থলের ভারপ্রাপ্ত কর্মকর্তা এর নিকট আগামী ১৪-০৭-২০১৯ হতে ১৮-০৭-২০১৯ তারিখের মধ্যে (সংযোজিত ফরমে) কাজে যোগদান করবেন তবে তিনি বর্তমানে কর্মরত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্রসহ কাজে যোগদান করবেন। উক্ত সময়ের মধ্যে কোন প্রার্থী কাজে যোগদানে ব্যর্থ হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৩। সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রার্থীর যোগদানপত্র গ্রহণপূর্বক তাঁর একটি অনুলিপি (এক কপি ছবিসহ) কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকর্তার নিকট হতে ছাড়পত্র (যদি প্রযোজ্য হয়) এবং দুই প্রস্থ জীবন বৃত্তান্ত, যৌথবীমা ও কল্যাণ তহবিল, সাধারণ ভবিষ্যতহবিল এবং অবসরভাতা সুবিধাদি গ্রহণের মনোনয়নপত্রের ফরম ও নিয়োগপত্রের সাথে সংযোজিত যৌতুক সম্পর্কিত ঘোষণাপত্র প্রার্থী কর্তৃক পূরণ করে প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট প্রার্থী নির্দিষ্ট সময়ের মধ্যে কাজে যোগদান না করলে তাও সত্বর অবহিত করতে হবে।

স্বাক্ষরিত/-

(ড. আবুল কালাম আযাদ)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

তারিখঃ ২০-০৬-২০১৯ খ্রি
০৬-০৩-১৪২৬ বং

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.১১.০০১.১৭-১৩৪২৩

বিতরণঃ

- ১। পরিচালক (সেবা ও সরবরাহ/গবেষণা/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন/কন্দাল ফসল), বারি, জয়দেবপুর, গাজীপুর
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, জয়দেবপুর, গাজীপুর- (আদেশটি বারি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৩। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, জয়দেবপুর, গাজীপুর
- ৪। প্রটোকল অফিসার, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বারি, জয়দেবপুর, গাজীপুর
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, জয়দেবপুর, গাজীপুর
- ৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, বেনিফিট সেল, বারি, জয়দেবপুর, গাজীপুর
- ৭। জনাব/বেগম
- ৮। কম্পিউটার সেল, প্রশাসন শাখা, বারি, জয়দেবপুর, গাজীপুর
- ৯। এসিআর সেল, প্রশাসন শাখা, বারি, জয়দেবপুর, গাজীপুর
- ১০। মাস্টার ফাইল
- ১১। সংশ্লিষ্ট নথি
- ১২। ব্যক্তিগত নথি।

(মোঃ মাহমুদুল হাসান)

সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন)(চ. দা.)

মহাপরিচালকের পক্ষে

ফোনঃ ৪৯২৭০০১০/৫৪৯২